সমকাল

তারিখ 05 OCT 2016
পৃষ্ঠা ৩

# সরকারি প্রাথমিক বিদ্যালয় নেই ৬ কিলোমিটারে!

■ সমকাল প্রতিবেদক

রাজধানীর মোহাম্মদপুর বেড়িবাঁধ সংলগ্ন নবোদয় হাউজিং এলাকার ছয় কিলোমিটারের মধ্যে কোনো সরকারি প্রাথমিক বিদ্যালয় নেই; তাই এ এলাকায় একটি সরকারি প্রাথমিক বিদালয় প্রতিষ্ঠার দাবি জানিয়ে মানববন্ধন করেছে স্থানীয় কয়েকটি বেসরকারি স্কুলের প্রায় সহস্রাধিক শিশু ও এলাকাবাসী।

মোহাম্মদপুর নবোদয় হাউজিং

শিশু অধিকার সপ্তাহ উদযাপন উপলক্ষে গতকাল মঙ্গলবার সকালে রাজধানীর মোহাম্মদপুর নবোদয় হাউজিংয়ের প্রধান সড়কে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। 'থাকবে শিশু সবার মাঝে ভালো, দেশ-সমাজ-পরিবারে জ্বালবে আশার আলো'– এ প্রতিপাদ্য নিয়ে বেসরকারি সংস্থা অ্যাকশন ফর সোশ্যাল ডেভেলপমেন্ট (এএসডি) মানববন্ধনের আয়োজন করে। মানববন্ধনে এএসডির 'ডেভেলপমেন্ট অব চিলড্রেন এট হাই রিস্ক (ডিসিএইচআর) প্রকল্পের প্রজেক্ট ম্যানেজার ইউকেএম ফারহানা সুলতানা জানান, মোহাম্মদপুর বেড়িবাঁধ সংলগ্ন প্রায় ছয় কিলোমিটার এলাকায় নিম্ন আয়ের মানুষের সংখ্যা বেশি; অথচ এখানে কোনো সরকারি প্রাথমিক বিদ্যালয় নেই। এ সময় স্থানীয় কাউন্সিলর কাউছার ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৩




বিশ্ব শিশু দিবস ও শিশু সপ্তাহ উপলক্ষে মোহাম্মদপুর বেড়িবাঁধ এলাকায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের দাবিতে মানববন্ধন কর্মসূচিতে অংশ নেয় স্থানীয় শিশুরা ■ সমকাল

## সরকারি প্রাথমিক

[তৃতীয় পৃষ্ঠার পর]

জাহান, এএসডির নির্বাহী পরিচালক জামিল এইচ চৌধুরী, উপনির্বাহী পরিচালক মোজাম্মেল হক, শিক্ষা কার্যক্রমের সুপারভাইজার সেলিনা বানুসহ অন্য সমমনা স্কুল ও এনজিওর কর্মীরা বক্তব্য রাখেন।

স্থানীয় ন্যাশনাল প্রি-ক্যাডেট অ্যান্ড হাইস্কুল, অপরাজেয় বাংলাদেশ, ব্র্যাক, শেখ আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, নবোদয় প্রি-ক্যাডেট স্কুল, এডুকো পাঠশালা, ফুলকুড়ি কিন্ডারগার্টেন অ্যান্ড হাইস্কুল, হামিম মডেল স্কুল, ডিসিএইচআর স্কুল ও ড. মিজানুর রহমান স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীরা একাত্মতা পোষণ করে মানববন্ধনে অংশ নেয়। এ ছাড়া শিশুরা গণস্বাক্ষর কর্মসূচিতেও অংশগ্রহণ করে। মানববন্ধন শেষে থানা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়ে শিশুদের স্বাক্ষর সংবলিত স্মারকলিপি দেওয়া হয়।